

শিক্ষাপ্রতিষ্ঠানে পুরস্কার হিসেবে বই দেওয়ার নির্দেশ

গোয়ালন্দ (রাজবাড়ী) প্রতিনিধি ২৬ এপ্রিল, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

ঐতিহ্যগতভাবে বাংলাদেশের বেশির ভাগ শিক্ষাপ্রতিষ্ঠানে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার হিসেবে থালা-বাটিসহ বিভিন্ন ক্রোকারিজ উপকরণ দেওয়া হয়। কিন্তু গত বুধবার ক্রোকারিজ সামগ্রীর বদলে বই পুরস্কার দেওয়ার জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর থেকে নির্দেশনা জারি করা হয়েছে। অধিদপ্তরের পরিচালক (মাধ্যমিক) অধ্যাপক ড. মো. আবদুল মান্নান স্বাক্ষরিত লিখিত নির্দেশনাপত্রে বলা হয়েছে, ‘দেশের বিদ্যালয়গুলোতে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রতিযোগী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার হিসেবে ক্রোকারিজ সামগ্রী বিতরণ করা হয়। এ ধরনের পুরস্কার শিক্ষার্থীদের শিখন কার্যক্রমের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।’

গোয়ালন্দ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মাসুদুর রহমান বলেন, ‘শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার হিসেবে ক্রোকারিজ সামগ্রীর বদলে মানসম্মত বই অথবা শিক্ষা সহায়ক উপকরণ দেওয়ার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের লিখিত নির্দেশনা পেয়েছি। এখন থেকে ওই নির্দেশনা অনুযায়ী পুরস্কার হিসেবে বই বিতরণ করা হবে।’